দৈনিক সংবাদ

তারিখ ... SEP 1987 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7 ...

10

## কলেজে ভর্তির সময়সীমা বাড়ানো হয়নি ।। বহু ছাত্রছাত্রীর ভর্তি অনিশ্চিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

সারাদেশের কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির সর্বশেষ সময়সীমা মাসখানেক আগে অতিবাহিত হয়েছে। কিন্তু দেশের অনেক কলেজে বিশেষ করে উত্তরাঞ্চলের বন্যা-কবলিত এলাকার কলেজগুলোতে ভর্তি এখনো শুরু করাই সম্ভব হয়নি।

দেশের শিক্ষাবোর্ডগুলোর

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

### ভর্তি অনিশ্চিত

(১ম পাতার পর)

নিয়ম অনুসারে গত ১৫ই আগস্টের মধ্যে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি শেষ এবং পরদিন ১৬ই আগস্ট থেকে ক্লাস শুরু করার কথা। কিন্তু এ বছরের ভয়াবহ বন্যার কারণে বহু ছিন্নমূল মানুষ তাদের আশ্রয়স্থল হিসেবে স্কুল-কলেজগুলোতে ঠাঁই নিয়েছে। এখনো দেশের অনেক স্কুল-কলেজ ত্রাণশিবির হিসেবে ব্যবহৃত হচ্ছে। এসব কারণে বোর্ড কর্তৃক বেঁধে দেয়া ছাত্র ভর্তি ও ক্লাস শুরুর সময়সীমা অনেক কলেজের পক্ষেই অনুসরণ করা সম্ভব হয়নি। এদিকে ছাত্রছাত্রী ভর্তির সময়সীমাও কর্তৃপক্ষ বাড়িয়ে দেননি, ফলে অনেক ছাত্রছাত্রীর কলেজে ভর্তি অনিশ্চিত হয়ে পড়েছে।